# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 30.04.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্টের রায়ে অতিরিক্ত পদ তৈরির ব্যাপারে মন্ত্রিসভার বিরুদ্ধে সিবিআই তদন্তের নির্দেশে সুপ্রিম কোর্ট স্থগিতাদেশ দিয়েছে।

এব্যাপারে রাজ্য সরকারকে তীব্র ভৎর্সনা করেছে শীর্ষ আদালত।

২) চতুর্থ দফার নির্বাচনে রাজ্যে সঙ্কটপ্রবণ ভোট কেন্দ্রের তালিকা প্রকাশ নির্বাচন কমিশনের।

৩) রাজ্যে বিভিন্ন দফার জন্য ভোটপ্রচার জমে উঠেছে। স্বরাষ্ট্র মন্ত্রী আজ বর্ধমানে এবং মুখ্যমন্ত্রী মালদায় প্রচার সারবেন।

৪) পশ্চিম দিক থেকে আসা শুষ্ক ও উষ্ণ বাতাসের ফলে পশ্চিমবঙ্গে হিমালয় সন্নিহিত জেলাগুলি ছাড়া প্রায় সর্বত্রই তাপপ্রবাহ আগামী ৫ দিন বজায় থাকবে।

৫) প্রবল দাবদাহে বিদ্যুতের চাহিদা বৃদ্ধি পাওয়ায় নিরবচ্ছিন্ন পরিষেবা পৌঁছে দিতে রাজ্য সরকার, সিইএসসি এবং রাজ্য বিদ্যুত্ বন্টন নিগমকে নির্দেশ দিয়েছে।

-----------------------------------------------------------------------------------------

এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্টের রায়ে সুপারনিউমেরারি বা অতিরিক্ত পদ তৈরির ব্যাপারে মন্ত্রিসভার বিরুদ্ধে সিবিআই তদন্তের নির্দেশে সুপ্রিম কোর্ট স্থগিতাদেশ দিয়ে এব্যাপারে রাজ্য সরকারকে তীব্র ভৎর্সনা করেছে। তবে ২০১৬-র গোটা প্যানেল বাতিল সহ হাইকোর্টের রায় বাকি অংশে প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন বেঞ্চ কোনো স্থগিতাদেশ দেয়নি। ভোটের সময় মন্ত্রিসভার বিরুদ্ধে

সিবিআই তদন্তের নির্দেশের বিষয়ে রাজ্যের আইনজীবী শীর্ষ আদালতে সওয়াল করলে প্রধান বিচারপতি গোটা প্রক্রিয়াকে জালিয়াতি বলে উল্লেখে করেন। বেআইনী নিয়োগ হয়েছে জেনেও কেন অতিরিক্ত পদ তৈরি করা হল, ওএমআর শিট নষ্ট এবং মিরর ইমেজ না থাকা কিভাবে সম্ভব হল, তা রাজ্যের কাছে জানতে চেয়েছে সুপ্রিম কোর্ট। ওএমআর শিট না থাকায় কোন্ তথ্যের ভিত্তিতে ২৫ হাজার ৭৫৩ জন শিক্ষক ও শিক্ষাকর্মীর মধ্যে থেকে যোগ্য এবং অযোগ্যদের বাছাই করা হবে, তা নিয়ে প্রশ্ন তুলেছেন প্রধান বিচারপতি।

আগামী সোমবার এই মামলার পরবর্তী শুনানি হবে।

-------------------

পরিকল্পিতভাবে রাজ্য সরকার ওএমআর শিট নষ্ট করে যোগ্য প্রার্থীদের ভবিষ্যৎকে বিপদের মুখে ফেলেছে বলে বিজেপি জানিয়েছে। দলের মুখপাত্র, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য বলেন, আদলতে মামলা চালানোর কোনো নৈতিক অধিকার রাজ্য সরকারের নেই।

বাইট

অন্যদিকে, তৃণমূল কংগ্রসেরে সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী ফের একবার যোগ্য চাকরি প্রার্থীদের পাশে থেকে সবরকম সহায়তার আশ্বাস দিয়েছেন।

বাইট

-------------------

সন্দেশখালিকান্ডে কলকাতা হাইকোর্টের সিবিআই তদন্তের নির্দেশের ওপর স্থগিতাদেশ দিতে অস্বীকার করেছে সুপ্রিম কোর্ট। রাজ্য সরকারকে ভৎর্সনা করে বিচারপতি বি আর গাভাই ও বিচারপতি সন্দীপ মেহতা প্রশ্ন তোলেন, একজন ব্যক্তির স্বার্থরক্ষায় কিভাবে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হতে পারে তারা। হাইকোর্টের ১০ ই এপ্রিলের ঐ নির্দেশ, পুলিশ বাহিনী সহ গোটা রাজ্য প্রশাসনকে হতোদ্যম করেছে বলে শীর্ষ

আদালতে দাখিল করা আবেদনে জানায় রাজ্য। কিন্তু হাইকোর্টের রায়ে হস্তক্ষেপ করতে চায়নি সুপ্রিম কোর্ট। গ্রীষ্মকালীন অবকাশের পরই সর্বোচ্চ আদালতে এই মামলার শুনানি হবে। তবে শীর্ষ আদালতে বিষয়টি বিচারাধীন বলে হাইকোর্টে এ সংক্রান্ত মামলায় কোনো বাধা দেওয়া যাবে না বলেও স্পষ্ট জানিয়েছেন দুই বিচারপতির বেঞ্চ। দোসরা মে হাইকোর্টে পরবর্তী শুনানির আগে এইসব অভিযোগ নিয়ে তদন্তের একটি সার্বিক রিপোর্ট সিবিআই-কে পেশ করতে বলেছিল কলকাতা আদালত।

-------------------

**নির্বাচন কমিশন, চতুর্থ দফার নির্বাচনে রাজ্যের ক্রিটিকাল বা সঙ্কট প্রবণ ভোট কেন্দ্রের তালিকা প্রকাশ করেছে । ওই পর্বে আগামী ১৩ মে রাজ্যের আটটি আসনে ভোট নেওয়া হবে। কমিশন জানিয়েছে, চতুর্থ দফায় ১৫ হাজার ৫০৭ টি ভোট কেন্দ্রের মধ্যে ৩ হাজার ৬৪৭ টিকে সঙ্কট প্রবণ হিসাবে চিহ্নিত করা হয়েছে। এরমধ্যে বোলপুর লোকসভা কেন্দ্রে সর্বাধিক ৬৫৯ টি সঙ্কট প্রবণ ভোট গ্রহণ কেন্দ্র রয়েছে।**

**চতুর্থ পর্বে সব থেকে কম সঙ্কট প্রবণ ভোট কেন্দ্র রয়েছে বর্ধমান পূর্বে -৩০১ টি।**

-------------------

পশ্চিমবঙ্গে নির্বাচনী হিংসা এবং ডিপ ফেক ভিডিও নিয়ে বিজেপি-র এক প্রতিনিধি দল নতুন দিল্লিতে নির্বাচন কমিশনের সঙ্গে আজ দেখা করে। পরে প্রতিনিধি দলের অন্যতম সদস্য, কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব সাংবাদিকদের বলেন, পশ্চিমবঙ্গের তৃণমূল কংগ্রেস সরকার ক্রমাগত হিংসাত্মক কার্যকলাপ চালিয়ে যাচ্ছে। যা, কোনভাবেই সহ্য করা যায় না।

অন্যদিকে, কংগ্রেস সোশ্যাল মিডিয়ায় ডিপ ফেক ভিডিও পোস্ট করে জনগণকে বিভ্রান্ত করছে বলে তাঁর দাবি।

বিজেপি অবাধ ও সুষ্ঠু নির্বাচনের পক্ষপাতি বলে শ্রী বৈষ্ণব উল্লেখ করেন।

-------------------

দক্ষিণ কলকাতায় বিজেপি নেত্রী সরস্বতী সরকারের ওপর আক্রমণের ঘটনায় পুলিশ ২ জনকে গ্রেফতার করেছে। তবে ধৃত গৌরহরি গায়েন ও আসরফ মোল্লা ওরফে ভুতোকে আদালত জামিন মঞ্জুর করেছে। বাকি তিনজনের খোঁজে পুলিশ তল্লাশি চালাচ্ছে।

এদিকে, বিজেপি, সরস্বতী সরকারের উপর আক্রমণের ঘটনায় আনন্দপুর থানার ওসিকে সরানোর দাবি জানিয়েছে। দলের নেতা শিশির বাজোরিয়া ও দক্ষিণ কলকাতার প্রার্থী দেবশ্রী চৌধুরী গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করে এই দাবি জানান। পরে শ্রী বাজোরিয়া সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, এই ঘটনায় থানায় অভিযোগ জানাতে গেলে পুলিশ প্রথমে তা নেয়নি।

রাজ্যের পুলিশ-ই দুষ্কৃতিদের অস্ত্র সরবরাহ করছে বলে শ্রী বাজোরিয়া দাবি করেন।

-------------------

রাজনৈতিক দলগুলি প্রচারে মহিলাদের উন্নয়ন এবং মহিলা ভোটারদের কথা বারবার উল্লেখ করলেও লোকসভা নির্বাচনের প্রার্থী করার ক্ষেত্রে মহিলাদের সংখ্যা অত্যন্ত কম বলে গণসংগঠন, অ্যাসোসিয়েশন ফর ডেমোক্রেটিক রিফর্মস অভিযোগ করেছে। নির্বাচন কমিশনের ওয়েবসাইটে থাকা প্রার্থীদের আর্থিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, লিঙ্গ সমতা ও অন্য তথ্যাবলী বিশ্লেষণ করে সংগঠনের পক্ষ থেকে কলকাতা প্রেসক্লাবে তাদের তৃতীয় দফার প্রতিবেদন প্রকাশ করা হয়। সংগঠনের রাজ্য সংযোজক ডঃ উজ্জয়িনী হালিম বলেন, ভোট দেবার আগে প্রতিটি নাগরিককে সঠিক প্রার্থী বেছে নিতে সাহায্য করতেই তাঁদের এই উদ্যোগ।

বাইট

-------------------

রাজ্যে বিভিন্ন দফায় ভোটের জন্য প্রচার জমে উঠেছে। প্রবীণ বিজেপি নেতা স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ বর্ধমান পূর্বে প্রচারে আসছেন। মেমারির রসুলপুরে তাঁর একটি

সমাবেশে যোগ দেওয়ার কথা। তবে কৃষ্ণনগরে সভা করার কথা থাকলেও সময়ের অভাবে সেটি বাতিল হয়েছে।

উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ আসানসোল লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে খাদরা ময়দানে জনসভা করবেন। বীরভূমের প্রার্থীর জন্য সিউরির সভাতেও যোগ দেবেন তিনি।

দুই কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং এবং ভি মুরলীধরনেরও আজ রাজ্যে প্রচার কর্মসূচীতে যোগ দেওয়ার কথা রয়েছে।

অন্যদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ মালদা উত্তর ও দক্ষিণে প্রচার সারবেন। একটি রোডশো করার কর্মসূচী রয়েছে তাঁর।

দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় দক্ষিণ ২৪ পরগণার পাথরপ্রতিমায় সভা করবেন।

মুর্শিদাবাদে ছাত্র মিছিলে যোগ দেবেন বাম প্রার্থী মহম্মদ সেলিম।

এছাড়াও বসিরহাটে জনসভার কর্মসূচী রয়েছে আইএসএফ নেতা নওসদ সিদ্দিকির।

------------------

গ্রামাঞ্চলের পাশাপাশি রাজ্যের শহর এলাকাতেও ভোট দানের হার বাড়াতে সেজন্য নির্বাচন কমিশন উদ্যোগী হচ্ছে। এরই অঙ্গ হিসাবে একটি বিশেষ ট্রামের সূচনা হয়েছে। কলকাতা উত্তর জেলা নির্বাচনী আধিকারিকের দফতরের উদ্যোগে ওই ট্রামটি আজ থেকে ৫ মে পর্যন্ত ভোটারদের মধ্যে সচেতনতা বাড়াতে এসপ্লানেড থেকে শ্যামবাজার পর্যন্ত বিভিন্ন পথ পরিক্রমা করবে। ধর্মতলার ট্রাম ডিপো থেকে গতকাল ওই ট্রামের আনুষ্ঠানিক উদ্বোধন করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব। তিনি বলেন,

বাইট

-------------------

পশ্চিম দিক থেকে আসা শুষ্ক ও উষ্ণ বাতাসের ফলে পশ্চিমবঙ্গে হিমালয় সন্নিহিত জেলাগুলি ছাড়া প্রায় সর্বত্রই তাপপ্রবাহ আগামী ৫ দিন বজায় থাকবে। কলকাতায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ৪১ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছয়। স্বাভাবিকের থেকে যা ৬ ডিগ্রির বেশি। ১৯৮০ সালে শেষবার কলকাতায় দিনের তাপমাত্রা এতটা বেড়েছিল। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৯ দশমিক ৭ ডিগ্রি সেলসসিয়াস, স্বাভাবিকের থেকে সাড়ে তিন ডিগ্রি বেশি। সপ্তাহের শেষদিকে হাল্কা বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে। আবহাওয়া দপ্তরের আঞ্চলিক প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন,

বাইট

-------------------

প্রবল দাবদাহে বিদ্যুতের চাহিদা মাত্রাতিরিক্ত হারে বৃদ্ধি পাওয়ায় রাজ্যবাসীকে নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুত পরিষেবা পৌঁছে দিতে রাজ্য সরকার সিইএসসি ও রাজ্য বিদ্যুত বন্টন নিগমকে সব ধরনের ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে। বর্তমান পরিস্থিতি নিয়ে বিদ্যুৎমন্ত্রী অরূপ বিশ্বাস গতকাল সিইএসসি ও রাজ্য বিদ্যুত বন্টন নিগমের আধিকারিক, বিদ্যুত সচিব ও ইঞ্জিনিয়ারদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেন। কোথাও বিদ্যুত পরিষেবা বিঘ্নিত হলে আপদকালীন পরিস্থিতিতে সিইএসসি কে তাদের হাতে থাকা একশোটি ও নিগমের হাতে থাকা সাড়ে চারশোটি জেনারেটর চালিয়ে পরিষেবা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি দ্রুততার সঙ্গে ফল্ট সারানোর কথা বলা হয়েছে।

-------------------

তীব্র দাবদাহের প্রেক্ষিতে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে ১০০ দিনের কর্মীসহ রাস্তায় নেমে  পরিষেবার সঙ্গে যুক্ত কর্মীদের দুপুরে কাজ না করার নির্দেশ দিয়েছে কলকাতা পুর সভা। পুর কর্মীদের মধ্যে কয়েকজনের  হিট স্ট্রোকে আক্রান্ত হওয়ার

খবরের প্রেক্ষিতেই এই নির্দেশিকা বলে পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ  হাকিম জানিয়েছেন।

তীব্র গরমে শহর কলকাতায় পরিশ্রুত জল সরবরাহ ব্যবস্থা সচল রাখতে কোনভাবে জলের অপচয় না করার জন্য শহরবাসীকে আবেদন জানিয়েছেন তিনি।

------------------- -------------------